



যুব বার্তা

ত্রৈমাসিক অংবাদ সাময়িকী

যুব উন্নয়ন অধিদপ্তর

জানুয়ারি-মার্চ ২০১৭

৩৯তম সংখ্যা

সরকার যুব উন্নয়নকে অগ্রাধিকার দিচ্ছে

- যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী



যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার বলেছেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) বিভিন্ন খাতে যুবদেরকে সংশ্লিষ্ট রেখে লক্ষ্য নির্ধারণ ও বাস্তবায়ন করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। সরকার বিভিন্ন জাতীয় নীতি ও কর্মসূচিতে যুব উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে যাচ্ছে বলে তিনি জানান। তিনি বলেন, যুব শক্তিকে কাজে লাগিয়েই ২০৩০ এজেন্ডা সফলভাবে বাস্তবায়ন করে যাবে বাংলাদেশ সরকার।

প্রতিমন্ত্রী ৩০ জানুয়ারি জাতিসংঘ সদর দপ্তরে অর্থনৈতিক ও সামাজিক কমিশন (ECOSOC)-আয়োজিত ৬ষ্ঠ ইকোসক ইয়ুথ ফোরামে প্রদত্ত বক্তৃতায় একথা বলেন।

জাতিসংঘে অর্থনৈতিক ও সামাজিক কমিশন আয়োজিত এ অনুষ্ঠানে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ক্ষুধা, দারিদ্র্য ও বঞ্চনামুক্ত বাংলাদেশ বিনির্মাণের স্বপ্নের কথা তুলে ধরে প্রতিমন্ত্রী বলেন, জাতির পিতার প্রদর্শিত পথেই আমাদের যুবশক্তি দেশ গড়ার কাজে নিজেদেরকে নিয়োজিত করছে।

তিনি বলেন, বাংলাদেশের জাতীয় যুবনীতি অনুযায়ী ১৮ থেকে ৩৫ বছর বয়সী নাগরিক যুব, যা দেশের মোট জনগোষ্ঠীর এক-তৃতীয়াংশ। এই বিশাল জনগোষ্ঠীর উন্নয়ন ব্যতীত দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। তিনি আরো বলেন, বেকার যুবদের কর্মমুখী করতে সরকার ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় দুই বছরের জন্য বিভিন্ন পেশায় চাকুরির সুযোগ সৃষ্টি, যুবদের তথ্যপ্রযুক্তি বিষয়ক শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান, জাতীয় সংসদে যুব কল্যাণ তহবিল বিল ২০১৬ পাশসহ এ খাতে ব্যাপক উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়ন করেছে। উদ্ভাবনে যুবদের উৎসাহ দিতে প্রধানমন্ত্রীর 'যুব উদ্ভাবনী তহবিল ২০১৫' চালু বাংলাদেশে যুব উন্নয়নে একটি মাইলফলক।

দারিদ্র্য বিমোচন, সমৃদ্ধি ও উন্নয়নে যুবদের ভূমিকা আরো বৃদ্ধি করতে প্রতিমন্ত্রী এ ফোরামে ৬টি গুরুত্বপূর্ণ প্রস্তাব উত্থাপন করেন। এগুলো হচ্ছে: যুব সমাজকে দারিদ্র্য থেকে মুক্ত করে শিক্ষা, কর্মসংস্থান ও ক্ষমতায়নের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব প্রদান, যুব মহিলাদের কর্মমুখী করতে বিভিন্ন সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি প্রণয়ন, অটিস্টিক ও প্রতিবন্ধী যুবদের যথাযথ গুরুত্ব প্রদান, প্রযুক্তিগত উন্নয়নের সাথে যুবদেরকে সম্পৃক্ত করা, বিশ্বের সকল যুবদের বিশেষায়িত জ্ঞান ও দক্ষতা উন্নয়নে জাতিসংঘসহ আন্তর্জাতিক সংস্থা ও উন্নত দেশগুলোর আর্থিক সহায়তা প্রদান এবং জাতিসংঘে যুবদের জন্য বিভিন্ন প্রাটফরম গড়ে তোলা যাতে তারা বৈশ্বিক নীতি প্রণয়নে অবদান রাখার সুযোগ পায়। উল্লেখ্য, অর্থনৈতিক ও সামাজিক কমিশনের 'ইয়ুথ ফোরাম' যুবদের জন্য জাতিসংঘের একমাত্র প্রাটফরম যেখানে যুবরা নীতি নির্ধারণী আলোচনায় অংশগ্রহণের সুযোগ পায়। এর মাধ্যমে যুবরা সমন্বিতভাবে বিভিন্ন সমস্যার সমাধান, নতুন নতুন ধারণার প্রবর্তন এবং সৃষ্টিশীল কাজে অবদান রাখতে পারে।

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ জাতিসংঘ সদর দপ্তরে ৩০ ও ৩১ জানুয়ারি দুই দিনব্যাপী এই আন্তর্জাতিক ফোরাম অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন দেশের প্রায় ২৫ জন মন্ত্রীসহ যুব সংগঠনের প্রতিনিধিগণ এ ফোরামে অংশগ্রহণ করেন।

লড়ছে যুব লড়বেই, সমৃদ্ধ বাংলাদেশ গড়বেই

ভেতরের পাতা

* নওগাঁ জেলার উন্নয়ন মেলায় সরকারি সেবার সাফল্য	- ২-২ পৃঃ
* উন্নয়ন মেলা ২০১৭ উপলক্ষে জেলা/ উপজেলায় যুব উন্নয়ন অধিদপ্তরের পুরস্কার প্রাপ্তি	- ২-২ পৃঃ
* চিত্রে উন্নয়ন মেলা ২০১৭	- ৩-৩ পৃঃ
* ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৭	- ৩-৩ পৃঃ
* শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র পরিদর্শনে যুব ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব	- ৪-৪ পৃঃ
* যুব নেতৃত্ব বিকাশ ও যুব সংগঠন ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ	- ৪-৪ পৃঃ
* শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে স্বাধীনতা দিবস উৎযাপন	- ৪-৪ পৃঃ
* "যুব স্বাস্থ্য" বিষয়ক প্রশিক্ষণ	- ৪-৪ পৃঃ
* Communicative English Language Learning কোর্স	- ৫-৫ পৃঃ
* টুর গাইড ও পর্যটন ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ	- ৫-৫ পৃঃ
* সিলেটে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন	- ৫-৫ পৃঃ
* কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রে কর্মকর্তাদের জন্য কমিউনিকেশন ইংলিশ ল্যাংগুয়েজ কোর্স	- ৫-৫ পৃঃ
* Sustainable Development Goals An Overview কর্মশালা	- ৬-৬ পৃঃ
* মোবাইল ড্রামে কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম	- ৬-৬ পৃঃ
* পঞ্চম পর্বে সম্প্রসারিত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সম্পৃক্ত কর্মকর্তাদের গুরিয়েন্টেশন প্রশিক্ষণ	- ৭-৭ পৃঃ
* ৫ম পর্বে অন্তর্ভুক্ত হতে ৫১ হাজার আবেদন	- ৭-৭ পৃঃ
* যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে বিভিন্ন প্রতিষ্ঠানের সমঝোতা স্মারক স্বাক্ষর	- ৭-৭ পৃঃ
* জমিদার বিরোধী প্রচারণাসহ জনসচেতনতামূলক অনুষ্ঠান	- ৮-৮ পৃঃ
* বিদায় সংবর্ধনা	- ৮-৮ পৃঃ
* শোক সংবাদ	- ৮-৮ পৃঃ
* যুব পরিবারের সন্তানদের সাফল্য	- ৮-৮ পৃঃ
* যুব তথ্য কণিকা	- ৮-৮ পৃঃ



যুববার্তার উৎকর্ষতার জন্য আপনার মূল্যবান পরামর্শ, তথ্য ও ছবি প্রেরণের ঠিকানা:
 উপ-পরিচালক (আত্মকর্ম ও প্রকাশনা)
 যুব উন্নয়ন অধিদপ্তর
 ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

প্রকাশনায়:
 যুব উন্নয়ন অধিদপ্তর
 E-mail: publication@dyd.gov.bd
 Website: www.dyd.gov.bd
 www.facebook.com/departmentofyouthdevelopmenthq

মুদ্রণে: শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র
 যুব উন্নয়ন অধিদপ্তর

প্রশিক্ষণ নিন, আত্মকর্মী হোন।

